



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা-১৩৪২

ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস-এর স্নাতকোত্তর (নিয়মিত) শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস-এর স্নাতকোত্তর শ্রেণিতে অনলাইন পদ্ধতিতে masters.ju-admission.com ওয়েবসাইটে রেজিস্ট্রেশন ও লগইন করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলী:

নিম্নে উল্লিখিত পদ্ধতি অনুসরণপূর্বক অনলাইন আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

- masters.ju-admission.com** ওয়েবসাইটে প্রবেশ করে **Admission Test Roll Number** এবং আপনার নিজস্ব মোবাইল নম্বর দিয়ে নিবন্ধন (**Registration**) এবং লগইন করে **Apply for Admission** মেনুতে ক্লিক করতে হবে।
- এরপর পেমেন্ট গেটওয়েতে ক্লিক করে নির্ধারিত ভর্তি ফি প্রদান করতে হবে। (বিকাশ, নগদ, ডেবিট কার্ড সহ বিভিন্ন মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করা যাবে।)
- যথাযথভাবে ভর্তি ফি প্রদান করলে ভর্তির জন্য অনলাইন আবেদন ফর্মটি আসবে এবং প্রয়োজনীয় তথ্যাদি পূরণ করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। **উল্লেখ্য যে, শিক্ষার্থী কর্তৃক কোনো হল নির্বাচন করা যাবে না।**
- এরপর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আপনার আবেদনটি যাচাই করবে এবং যাচাই সম্পন্ন হলে আবেদনকারীর মোবাইলে যথাসময়ে ভর্তি নিশ্চয়ন এসএমএস পাঠানো হবে। এছাড়া আবেদনকারী ওয়েবসাইটে লগইন করেও তার আবেদনের বর্তমান অবস্থা জানতে পারবে।
- ভর্তি নিশ্চয়ন হবার পর পুনরায় লগইন করে আপনার ভর্তি ফর্ম প্রিন্ট করে সংরক্ষণ করুন।

সতর্কতাঃ একই মোবাইল নম্বর ব্যবহার করে একাধিক আবেদন করা যাবেনা। **উল্লেখ্য যে, একই বিকাশ/রকেট/নগদ/অন্য অপারেটরের একাউন্ট থেকে একাধিক ভর্তি ফি পরিশোধ করা যাবে।**

ভর্তির ফি (সার্ভিস চার্জ ব্যতীত): ৪,১০৭/- (চার হাজার একশত সাত) টাকা (অতিরিক্ত ১.২% সেবা ফি আবেদনকারী বহন করবে)

শিক্ষার্থী কল্যাণ ফি:

শিক্ষার্থী কল্যাণ ফি ১০,০০০/- (দশ হাজার মাত্র) টাকা অগ্রণী ব্যাংক লিমিটেড, জাবি শাখা-এর অনুকূলে ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস-এর **0200014316060** নং হিসাবে জমা দিয়ে জমা রশিদ ভর্তি নিশ্চিতকরণের বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়সীমার মধ্যে অন্যান্য কাগজপত্রের সাথে সংযুক্ত করতঃ শিক্ষা শাখায় দাখিল করতে হবে।

ভর্তির ক্ষেত্রে প্রয়োজন:

(ক) আবেদনকারীর প্রয়োজনীয় তথ্য প্রদান:

(যেমনঃ এসএসসি, এইচএসসি ও স্নাতক (সম্মান) শ্রেণির বোর্ড/প্রতিষ্ঠানের নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শাখা/বিভাগ, পাশের সন এবং জিপিএ ইত্যাদি)।

(খ) যেসব সনদপত্র আপলোড করতে হবে

১. এস.এস.সি, এইচ.এস.সি ও স্নাতক (সম্মান) পরীক্ষার মূল সনদপত্রের অনুলিপি।

২. পাসপোর্ট আকারের রঙিন ছবি (৩০০ X ৩০০ পিক্সেল এবং ফাইল সাইজ ১০০ কিলোবাইটের বেশি নয়) ও স্বাক্ষর (১০০ X ৮০ পিক্সেল এবং ফাইল সাইজ ৬০ কিলোবাইটের বেশি নয়)।

স্বাক্ষরিত/-

(সৈয়দ মোহাম্মদ আলী রেজা)

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)